

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তত্ত্বাবধায়কের কার্যালয়
সরকারি শিশু পরিবার, রাজশাহী।
www.dss.gov.bd

শেখ হাসিনার হাতটি ধরে
পথের শিশু যাবে ঘরে

স্মারক নং-৪১.০১.৫০৮১.০৩৫.১৬.০১৯.১৯. ১৭৭

তারিখঃ ১৮/০৮/২০১৯ খ্রিঃ

বিষয়ঃ সরকারি শিশু পরিবার, রাজশাহীর নিবাসদের আধাপাকা টিনসেড ভবনের সংযোগ সড়ক, বাথরুমের টাইলস ও ফিটিংস, সিলিং স্থাপন, রান্না ঘর ও ষ্টোর তৈরী, সকওয়েল নির্মাণ, দরজা জানালা মেরামত ,ডাইনিং ও রান্নাঘরের পানির লাইনের সংযোগসহ বৈদ্যুতিক মেরামত ও অন্যান্য পূর্ত কাজের প্রাক্কলন প্রস্তুত প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সমাজসেবা অধিদফতর কর্তৃক পরিচালিত সরকারি শিশু পরিবার, রাজশাহীতে গত ১৪/০৮/২০১৯ খ্রিঃ তারিখে জেলা প্রশাসক, রাজশাহী মহোদয় পরিদর্শনে আসেন। পরিদর্শন কালে তিনি শিশুদের আবাসিক ভবনের সাথে সংযোগ সড়ক, বাথরুমের টাইলস ও বাথরুম ফিটিংস, ডাইনিং এ চারটি বেসিং স্থাপন, আবাসিক ভবনের টিনের নিচের সিলিং স্থাপন, রান্না ঘর ও ষ্টোর নির্মাণ, সেফটি ট্যাংক ও সকওয়েল নির্মাণ, দরজা ও জানালা মেরামত , ১০টি বৈদ্যুতিক ফ্যানসহ বৈদ্যুতিক মেরামত কাজ, ডাইনিং ও রান্না ঘরের পানির লাইনের সংযোগ প্রদান এবং আবাসিক ভবন সংলগ্ন সীমানা প্রাচীরের গ্রেড বিমের নিচের ফীকা অংশে ইটের গাঁথুনি দিয়ে বন্ধ করার বিষয়ে দিক নির্দেশনা প্রদান করেন। এমতাবস্থায় উপরে উল্লেখিত কাজের প্রাক্কলন প্রস্তুতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ জানান হলো।

নির্বাহী প্রকৌশলী
গণপূর্ত বিভাগ-২, রাজশাহী।


(মোঃ বায়েজীদ হোসেন ওয়ারেহী)

সহকারী পরিচালক
সরকারি শিশু পরিবার, রাজশাহী
super.sspb.rajshahi@dss.gov.bd

সদয় জ্ঞাতার্থেঃ

- ১। পরিচালক (প্রতিষ্ঠান), সমাজসেবা অধিদফতর, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, রাজশাহী।
- ৩। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রাজশাহী।
- ৪। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, রাজশাহী।
- ৫। অফিস কপি।